

শ্রীলংকার উত্তরাঞ্চলের প্রাদেশিক নির্বাচন

গত ২১ সেপ্টেম্বর ২০১৩ শ্রী লংকার উত্তরাঞ্চল প্রাদেশিক পরিষদ সহ তিনটি প্রাদেশিক পরিষদের সফল নির্বাচন সম্পন্ন হওয়ার ঘটনাকে ভারত স্বাগত জানাচ্ছে। এই নির্বাচনে বিপুল সংখ্যক ভোটদাতাদের এবং বিভিন্ন রাজনৈতিক দলের উৎসাহব্যঞ্জক অংশগ্রহণ প্রমাণ করছে, প্রাদেশিক পরিষদ সহ বিভিন্নস্তরে নির্বাচিত প্রতিনিধি চয়ন এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রীলংকার জনতার ধারাবাহিক দায়বদ্ধতা রয়েছে। আমরা দক্ষিণ এশিয়া নির্বাচন ব্যবস্থাপনা সংস্থার মঞ্চ এবং কমনওয়েলথের মন্তব্যগুলি লক্ষ্য করেছি। এই নির্বাচনগুলিতে সাধারণ মানুষের রায় প্রতিফলিত হয়েছে বলে সামগ্রিকভাবে রায় দেওয়া হয়েছে।

২.. উত্তরাঞ্চল প্রাদেশিক পরিষদের নির্বাচন সংঘটিত করে শ্রীলংকা সরকার আন্তর্জাতিক দুনিয়াকে দেওয়া প্রতিশ্রুতির প্রতি সম্মান জানিয়েছেন। ত্রয়োদশ সংশোধনীর সম্পূর্ণ রূপায়ণ এবং তার অতিরিক্ত ব্যবস্থা গ্রহণের প্রতিশ্রুতিসহ শ্রীলংকা সরকার আন্তর্জাতিকস্তরে দেওয়া বিভিন্ন প্রতিশ্রুতি রূপায়ণ করবেন বলে আমরা অপেক্ষা করে আছি।

৩. টিএনএ এবং শ্রীলংকা সরকারের ইতিবাচক বিবৃতিগুলি আমরা লক্ষ্য করেছি। উত্তরাঞ্চল প্রদেশের জনগণের প্রগতির জন্য উভয়পক্ষ সহযোগিতার মাধ্যমে কাজ করার প্রতিশ্রুতি দেওয়া অত্যন্ত সন্তোষজনক ঘটনা। সুদীর্ঘ ত্রিশ বছরের সশস্ত্র সংঘাতের সমাপ্তির পরে সেখানকার জনগণের আশু প্রয়োজন দ্রুত পূরণের সদিচ্ছার লক্ষ্যে উভয় পক্ষকে পারস্পরিক সহযোগিতা এবং অংশীদারির মাধ্যমে কাজ করে যাওয়ার জন্য আহ্বান জানাচ্ছি। একমাত্র সহযোগিতা মূলক দৃষ্টিভঙ্গীর মাধ্যমে কাজ করলেই সমাজের উভয়গোষ্ঠীর মধ্যে প্রকৃত সত্ত্বাব গড়ে উঠবে।

৪. এই লক্ষ্য পূরণের জন্য ভারত সরকার উভয়পক্ষের সংগে কাজ করতে দায়বদ্ধ। যাতে সংখ্যালঘু সহ সমাজের সকল পক্ষ ঐক্যবদ্ধ শ্রীলংকার অংশীদারি মনে করতে পারেন এবং সাম্য,ন্যায়,মর্যাদা ও আত্মসম্মান বিশিষ্ট ভবিষ্যত গড়ে তুলতে পারেন।

নয়াদিল্লি

২৪ সেপ্টেম্বর ২০১৩